

Bengali (Sylheti)

Insert school
logo



[Date]

প্রিয় মাতাপিতা/দেখাশুনাকারী

আমি অপারেশন এনকম্পাস এর বিষয়ে আপনাকে জানানোর জন্য এই চিঠিটি লিখছি। এটি একটি নতুন উদ্ভাবনীমূলক প্রকল্প এটাতে নর্থ টাইনসাইডের স্কুল সমূহ অংশগ্রহণ করছে, এবং এটি নর্থ টাইনসাইড কাউন্সিল ও নর্থামরিয়া পুলিশের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে পরিচালিত হয়।

এই প্রকল্পটির লক্ষ্য হল ছেলেমেয়ে যারা পারিবারিক নির্যাতনের দ্বারা আক্রান্ত হয়েছে তাদের সাহায্য প্রদান করা। এটি শুরু হবে 2016 সালের জুন মাসে। একটি শিশু বা অল্পবয়স্ক যে প্রায়ই নির্যাতন দেখে, অন্য রুম থেকে শুনে, মাতাপিতার জখম বা পরবর্তীতে কষ্ট দেখে বা নির্যাতন বন্ধ করতে হয়তো শারীরিকভাবে আঘাত পেতে পারে তার জন্য পারিবারিক নির্যাতন প্রত্যক্ষ করা মারাত্মক পীড়াদায়ক।

এই কারণে পুলিশের কাছে রিপোর্ট করা পারিবারিক নির্যাতনের যেকোনো ঘটনার পরবর্তীতে পুলিশ চিলড্রেন সোশ্যাল কেয়ার ফ্রন্ট ডোর সার্ভিসের সাথে যোগাযোগ করবে, তারা তখন স্কুলের মনোনীত স্টাফের সাথে প্রাসঙ্গিক এবং প্রয়োজনীয় তথ্য আদানপ্রদান করবেন। এটা নিশ্চিত করবে যে প্রথম সুযোগেই স্কুলকে জানানো হয়েছে এবং তারা পরবর্তী পর্যায়ে ছেলেমেয়েদের এমনভাবে সাহায্য করতে পারবেন যেন বাচ্চারা নিরাপদ বোধ করে এবং তাদের কথা শোনা হচ্ছে বলে মনে করে।

প্রত্যেক স্কুলের স্টাফ সদস্য রয়েছেন (কি এডাল্টস) যিনি যখন প্রয়োজন তখন পুলিশের সাথে এবং চিলড্রেনস সোশ্যাল কেয়ারের সাথে সমন্বয় সাধন করতে সম্পূর্ণরূপে প্রশিক্ষণপ্রাপ্ত, এবং এটা নিশ্চিত করবেন যে একটি পারিবারিক নির্যাতনের ঘটনা প্রকাশের পরবর্তীতে শিশুটির জন্য প্রয়োজনীয় সমর্থনের ব্যবস্থা করা হয়েছে।

আমি বিশ্বাস করি যে শিশুদের সুরক্ষা এবং নিরাপত্তা এবং আমাদের ছাত্রছাত্রীদের জন্য সম্ভব সর্বোচ্চ যত্ন এবং সমর্থন দিতে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করার ক্ষেত্রে এই প্রকল্পটি আমাদের স্কুলের অঙ্গীকারকেই ফুটিয়ে তোলে।

ইতোমধ্যে, আপনি যদি প্রকল্পটি সম্পর্কে আরও বিস্তারিত আলাপ করতে চান বা আরও তথ্য জানতে চান তবে দয়া করে আমাদের স্কুলের কি এডালস এর সাথে যোগাযোগ করুন তিনি হলেন *[Inset names and contact details for key adults in school]*

আপনি আরও তথ্য পেতে পারেন এখানে <http://www.operationencompass.org/>

আপনারই একান্ত,

[Signature]